# উপজেলা পরিষদ

মহেশপুর,ঝিনাইদহ।

## ৫ম উপজেলা পরিষদের ৩১তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ময়জদ্দীন হামীদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।

তারিখ ঃ ২১/০৭/২০২২খ্রি. সময় ঃ সকাল ১১ ঃ ০০ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশপুর, ঝিনাইদহ।

০১। সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-''ক"

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন । বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। **উক্ত কার্যবিবরণীর ১৭ কমিটির (স্থায়ী কমিটি) সংশোধনী থাকায় সংশোধন পূর্বক** সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। এছাড়া নিম্নোক্ত আর্থিক, উন্নয়নমূলক, অপারেশনাল, সমন্বয় ও বিবিধ বিষয়াদি আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| বিষয়বস্তু | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| আর্থিক | ০১। পরিষদের তহবিল সংক্রান্ত সকল বিষয় । | উপজেলা পরিষদের নিম্নোক্ত বিল পরিশোধ করা হয়েছে। উহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>১। উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের এর জুন/২২ মাসের সম্মানি ভাতা পরিশোধ- ৯৪০০০/-<br>২। জুন /২২ মাসের আপ্যায়ন বিল পরিশোধ- ৩০,০০০/-<br>৩। জুন /২২ মাসের আনুষঙ্গিক বিল পরিশোধ- ৫,০০০/-<br>৪। জুন /২২ মাসের ইন্টারনেট বিল পরিশোধ- ১,০০০/-<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে বর্ণিত খরচসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |
| | | উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং ভাইসচেয়ারম্যান দ্বয়ের অফিস কক্ষের জন্য জরুরী ভিত্তিতে আসবাপত্র ক্রয় করার নিমিত্ত উপজেলা প্রকৌশলী প্রক্কলন দাখিল করেন। দাখিলকৃত প্রক্কলন মোতাবেক চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় পরিশিষ্ট ''ঙ" তে প্রকল্প বাস্তবায়ন কমিটি উপস্থাপন করেন।<br>এ প্রসংঙ্গে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ''ছ" অনুচ্ছেদ মোতাবেক আসবাপত্র সংগ্রহ/মেরামত খাত হতে বিধি মোতাবেক এ ব্যয় নির্বাহ করা যাবে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং ভাইসচেয়ারম্যান দ্বয়ের অফিস কক্ষের জন্য জরুরী ভিত্তিতে আসবাপত্র ক্রয়ের সিদ্ধান্ত এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনসহ আসবাপত্র ক্রয়ের বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়। | | |
| | | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চেয়ারম্যান উপজেলা পরিষদের মৌখিক নির্দেশনা মোতাবেক জরুরী ভিত্তিতে ভাইসচেয়ারম্যানদ্বয়ের রুম ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সিএ এর রুম সরেজমিন পরিদর্শন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, দাখিলকৃত প্রাক্কলন মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কমিটি করা প্রয়োজন বিধায় পরিশিষ্ট ''ঙ'' তে প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় উপস্থাপন করেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর দাখিলকৃত প্রাক্কলন এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতক্রমে অনুমোদনসহ উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাত হতে খরচের অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর<br>৪। সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি। |
| | | উপজেলা প্রকৌশলীর অফিস এবং উপজেলা প্রকৌশলীর হিসাব রক্ষক এর অফিস রুমের বিভিন্ন জায়গায় প্লাষ্টার উঠে গেছে এবং উপজেলা প্রকৌশলীর হিসাব রক্ষক এর অফিসে টাইলস্ লাগানোসহ বিভিন্ন কাজ করানো প্রয়োজন, মর্মে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানানোর প্রেক্ষিতে, উপজেলা প্রকৌশলী প্রাক্কলন দাখিল করেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়॥ | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর অফিস এবং উপজেলা প্রকৌশলীর হিসাব রক্ষক এর অফিস রুমের সংস্কার কাজ RFQ পদ্ধতিতে সম্পন্ন করা সহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসা বাড়ী মেরামত খাত হতে খরচের অনুমোদন সভায় সর্বসম্মতীক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর |
| | বিভিন্ন ইউনিয়নের রাস্তা মেরামত সংক্রান্ত। | চেয়ারম্যান ফতেপুর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, অতি বৃষ্টির কারনে ইউনিয়নে রাস্তা সমূহ জন-সাধারনের চলাচলের অযোগ্য হয়ে পরেছে। কিছু রাস্তা বড় বড় গর্ত হওয়ার কারনে যোগাযোগ ব্যবস্থা বন্ধ হওয়ার উপক্রম। রাস্তাগুলি জরুরী ভিত্তিতে মেরামত অথবা যোগাযোগ ব্যবস্থা চালু রাখার জন্য বড় বড় গর্তে ব্যাট্স দেওয়া প্রয়োজন। এ প্রসংঙ্গে উপস্থিত চেয়ারম্যানগন একমত পোষন করেন এবং চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রত্যেক ইউনিয়নের গুরুত্বপূর্ন রাস্তা মেরামত করার জন্য ২০০০০০/-(দুই লক্ষ) টাকা হিসাবে ১২টি ইউনিয়নে সর্বমোট ২৪০০০০০/-(চব্বিশ লক্ষ) টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানান। এ প্রসংঙ্গে চেয়ারম্যান উপজেলা পরিষদ, এবং ভাইসচেয়ারম্যানদ্বয় জানান যে, | বিস্তারিত আলোচনান্তে অতি বৃষ্টির কারনে ইউনিয়নের রাস্তা সমূহ জন সাধারণের চলাচলের অনুপযোগি হয়ে পরায় রাস্তা সমূহ দ্রুত মেরামত /বাস্তাবায়ন করে চলাচলের উপযোগী করার পর ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ণ তহবিল হতে বিলের অর্থ পরিশোধ করা হবে। একই সাথে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দাখিলকৃত ২টি, উপজেলা নির্বাহী কর্মকর্তার ০১টি উপজেলা ভাইস চেয়ারম্যান ০১টি ও মহিলা ভাইস চেয়ারম্যান ০১টি প্রকল্পসহ পরিশিষ্ট ''ঘ'' তে উল্লেখিত প্রকল্প এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। দ্রুত প্রকল্প সমূহ | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর<br>৪। সংশ্লিষ্ট চেয়ারম্যানগন<br>৫। সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিগন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে ক্রিড়া সামগ্রী, টিউবয়েল সেলাই মেশিন দেওয়া প্রয়োজন।<br>উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সম্মানিত সদস্যগনের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা উন্নয়ন তহবিলে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৩০% অর্থ প্রকল্প বাস্তবায়ন করা যাবে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বাস্তবায়নের নিমিত্ত কারিগরি সহায়তা প্রদানের জন্য সভার পক্ষ থেকে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| | ০২। পরিষদের বার্ষিক বাজেট বিবরণী, সংশোধিত বাজেট ও বাজেটে অন্তর্ভুক্ত হয়নি এরুপ ব্যয়ের প্রস্তাব | আলোচ্য বিষয় নাই | - | - |
| | ০৩। পরিষদের বার্ষিক হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় জানান, পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে তা প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন ও সংরক্ষণ করা যেতে পারে। এ ব্যাপারে পরিষদের সকল সদস্য একমত পোষণ করেন। | পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা , মহেশপুর<br>৩। সংশ্লিষ্ট সকল |
| | ০৪। পরিষদ কতৃর্ক বাস্তবায়নযোগ্য কাজের মান এবং এস্টিমেট অনুমোদন | উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন মর্মে উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান। | উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ কাজগুলো যথাযথভাবে হচ্ছে কিনা তা তদারকির জন্য সভার পক্ষ থেকে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী , মহেশপুর। |
| | ৫। পরিষদের তহবিল বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে বিবেচনাযোগ্য কোন প্রস্তাব এ মুহূর্তে নেই মর্মে সভায় উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, এরূপ কোন প্রস্তাব পাওয়া গেলে তা বিবেচনা করা হবে। | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে তা বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ , মহেশপুর।<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| উন্নয়নমূলক | ০১। হস্তান্তরিত বিষয়ভূক্ত উন্নয়ন প্রস্তাব/ প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন | চেয়ারম্যান উপজেলা পরিষদ মহেশপুর, সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় ১২টি ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্পের অনুকূলে চলমান কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগাদা দেওয়াসহ কুসুমপুর সাহপাড়া ঘাটের রাস্তা সলিং কাজ এখনো পর্যন্ত শুরু করেনি। কাজ বুঝে নিতে অনুরোধ করেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় চলমান কাজ দ্রুত সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে উপজেলা প্রকৌশলীকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর।<br>২। উপজেলা প্রকৌশলী , মহেশপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হচ্ছে না। মহল্লাদার না থাকায় দাপ্তরিক কাজ কর্মে নানা রকম জটিলার সৃষ্টি হচ্ছে। তিনি দ্রুত মহল্লাদার নিয়োগ প্রদানের জন্য পুনরায় সভায় অভিমত ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, গ্রাম পুলিশ নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। যাহা দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। | মোতাবেক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সভার পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। | |
| | | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মালিবাড়ীয়া এবং কুল্লাহ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন শ্রেণী কক্ষ নির্মানের জন্য সরকারীভাবে বরাদ্দ পাওয়ায় স্কুলের পুরাতন ভবন ভেঙ্গে ফেলা হয়েছে। সেকারনে পাঠদান কার্যক্রম চরমভাবে ব্যহত হচ্ছে। বর্ষা মৌসুমের কারণে সেটি আরো প্রকট আকার ধারন করেছে। জরুরী ভিত্তিতে পাঠদান চলমান রাখার নিমিত্ত অস্থায়ী স্কুল ঘর/শেড নির্মাণ করা দরকার।<br>এ প্রসংঙ্গে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল হতে বর্ণিত স্কুলে অস্থায়ী শেড নির্মাণসহ নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় উপস্থাপন করেন।<br>মালিবাড়ীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রকল্প বাস্তবায়ন কমিটি<br>১। উপজেলা শিক্ষা অফিসার- সভাপতি<br>২। উপজেলা মাধ্যমিক অফিসার-সদস্য<br>৩। উপজেলা সমাজসেবা অফিসার-সদস্য<br>৪। ইজাজুল হক ম্যানেজিং কমিটির সভাপতি-সদস্য<br>৫। প্রধান শিক্ষক মাইল বাড়ীয়া সরঃপ্রাঃ বিদ্যাঃ - সদস্য সচিব।<br>কুল্লাহ সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রকল্প বাস্তবায়ন কমিটি<br>১। উপজেলা শিক্ষা অফিসার- সভাপতি<br>২। উপজেলা মাধ্যমিক অফিসার-সদস্য<br>৩। উপজেলা সমাজসেবা অফিসার-সদস্য<br>৪। মেহেদী সাকলাইন ম্যানেজিং কমিটির সভাপতি-সদস্য<br>৫। প্রধান শিক্ষক কুল্লাহ সরঃপ্রাঃ বিদ্যাঃ - সদস্য সচিব।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত স্কুলের প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনসহ উপজেলা উন্নয়ন তহবিল হতে খরচের অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>উল্লেখ্য কারিগরি সহায়তা প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর<br>৪। সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল সম্মানিত সদস্যের মঙ্গল এবং সুস্বাস্থ্য কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১।০৭-২২

ময়জদ্দীন হামীদ
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান উপজেলা পরিষদ,
মহেশপুর, ঝিনাইদহ।

স্মারক নং-৪৬.৪৪.৪৪৭১.০০০.১৮.০০১.২০২১- (৪০) তারিখ ২১/০৭/২০২২খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। জনাব এ্যাডঃ শফিকুল আজম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৩ ঝিনাইদহ- ৩।
০২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
০৩। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার ঝিনাইদহ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০৮। উপজেলা-----------------------------------কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
০৯। চেয়ারম্যান-----------------------------------------ইউনিয়ন পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
১০। ----------------------------------------------------------------------(সংশ্লিষ্ট সকল)

নয়ন কুমার রাজবংশী
উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর